

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনারের কার্যালয়
কক্সবাজার
www.rrrc.gov.bd

ন.- ৫১.০৪.২২০০.০০৬.০১.১৪৪.২২- ৩২৬৪

তারিখ: ০২ সেপ্টেম্বর ২০২৪ খ্রি.

বিষয়: "Habitat for Humanity Bangladesh" নামীয় সংস্থার কার্যক্রমের বিষয়ে সতর্কীকরণ।

- সূত্র: (১) ক্যাম্প-ইনচার্জ (ক্যাম্প-১৯) এর পত্র ন.-১০৮, তারিখ: ২০ আগস্ট ২০২৪ খ্রি.
(২) এনজিও বিষয়ক ব্যুরোর পত্র ন.-০৩.০৯.০০০০.৬৬৪.৬৮.০০৫.২১-২৫৫, তারিখ: ২৪ জুলাই ২০২৩
(৩) এনজিও বিষয়ক ব্যুরোর পত্র ন.-০৩.০৭.২৬৬৬.৬৬৪.৬৮.০০৫.২১-১৯৮, তারিখ: ০৩ জুলাই ২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত ১নং স্মারকমূলে ক্যাম্প-ইনচার্জ, ক্যাম্প-১৯ কর্তৃক জানানো হয়েছে যে, Habitat for Humanity Bangladesh নামীয় এনজিও সংস্থা এনজিও বিষয়ক ব্যুরো হতে অনুমোদিত এফডি-৭ স্মারক ন.-২৫৫, তারিখ: ২৪/০৭/২০২৩ এর আলোকে "Shelter and wash assistance to Rohingya Refugees in Cox's Bazar Phase-3, Bangladesh" শীর্ষক প্রকল্পটি বাস্তবায়নের নিমিত্ত মোট ৪,২০,৮৮,০৭১/- টাকার মধ্যে বিভাজন করে ৮৭,০৫,০০০/- টাকার নীড এসেসমেন্ট দাখিল করা হয়। ক্যাম্প-ইনচার্জ কর্তৃক সুপারিশপূর্বক উক্ত নীড এসেসমেন্ট আরআরআরসি কার্যালয়ে প্রেরণ করা হয় এবং আরআরআরসি কার্যালয় কর্তৃক ০১ জুলাই ২০২৩ হতে ৩০ জুন ২০২৪ মেয়াদে উক্ত টাকার প্রকল্প বাস্তবায়নের অনুমোদন করা হয়। কিন্তু সংস্থাটি কর্তৃক গত ০৫ আগস্ট ২০২৪ খ্রি. তারিখে পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ক্যাম্প-ইনচার্জকে জানানো হয় যে, প্রকল্পটির এফডি-৭ সংশোধিত হয়েছে। ০৩ জুলাই ২০২৪ খ্রি. তারিখে সংস্থাটি সংশোধিত এফডি-৭ (স্মারক নম্বর: ১৯৮) পাওয়ার পরও এ কার্যালয়কে অবহিত করে নাই। ক্যাম্প-ইনচার্জ মারফত এ কার্যালয় সংশোধিত এফডি-৭ সম্পর্কে অবগত হয়েছে যা অনাকাঙ্ক্ষিত। ভবিষ্যতে এ ধরনের কার্যক্রম থেকে বিরত থাকার জন্য অধিকতর সতর্কতা অবলম্বন করার জন্য নির্দেশক্রমে বলা হলো।



পরিমল কুমার সরকার
সিনিয়র সহকারী সচিব

মোবাইল: ০১৮৪৭-৩৫১৬৬৮

email: contact@rrrc.gov.bd

জনাব ওমর খৈয়াম সেরনিয়াবাত

প্রোগ্রাম ম্যানেজার

হ্যাবিটেট ফর হিউম্যানিটি ইন্টারন্যাশনাল-বাংলাদেশ

উখিয়া, কক্সবাজার।

মোবাইল: ০১৮৯৪-২৫১১৫৪

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার (সকল), অত্র কার্যালয়।
- ২। ক্যাম্প-ইনচার্জ, ক্যাম্প-১৯, উখিয়া, কক্সবাজার।
- ৩। সহকারী প্রোগ্রামার, অত্র কার্যালয় (ওয়েবসাইটে আপলোডের জন্য)।